



মধ্যপ্রাচ্যের পরিস্থিতি নিবিড় পর্যবেক্ষণে সরকার : ধর্মমন্ত্রী



সংগৃহীত ছবি

মধ্যপ্রাচ্যে চলমান উত্তেজনাপূর্ণ পরিস্থিতি সরকার নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে বলে জানিয়েছেন ধর্মমন্ত্রী কাজী শাহ মোফাজ্জাল হোসাইন কায়কোবাদ। শনিবার (২৮ ফেব্রুয়ারি) রাতে ঢাকার হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে আটকে পড়া যাত্রীদের সঙ্গে দেখা করতে গিয়ে তিনি এ কথা বলেন।

বিমানবন্দর পরিদর্শনের সময় মন্ত্রী সার্বিক পরিস্থিতি সম্পর্কে খোঁজ নেন এবং সেখানে অপেক্ষমাণ যাত্রীদের সঙ্গে কথা বলেন। তাদের উদ্বেগ ও ভোগান্তির কথা শুনে তিনি আশ্বাস দেন যে এই কঠিন সময়ে সরকার তাদের পাশে রয়েছে।

ধর্মমন্ত্রী বলেন, যাত্রীদের নিরাপত্তা ও স্বার্থ রক্ষা করাই সরকারের প্রধান অগ্রাধিকার। পরিস্থিতি স্বাভাবিক হলে দ্রুত তাদের গন্তব্যে পাঠাতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে সমন্বয় করে কাজ করা হচ্ছে। এ সময় তিনি যাত্রীদের ধৈর্য ধরে পরিস্থিতি মোকাবিলার আহ্বান জানান।

উল্লেখ্য, মধ্যপ্রাচ্যের চলমান উত্তেজনার কারণে ইতোমধ্যে বেশ কয়েকটি আন্তর্জাতিক ফ্লাইট বাতিল ও স্থগিত করা হয়েছে। আম্মান, কুয়েত, দুবাই, আবুধাবি, দোহা ও বাহরাইনসহ বিভিন্ন গন্তব্যের ফ্লাইট বন্ধ থাকায় হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে বহু ওমরাহ যাত্রী আটকে পড়েছেন।

এদিকে বিমানবন্দর কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট সংস্থাগুলো পরিস্থিতি সামাল দিতে এবং যাত্রীদের নিয়মিত তথ্য জানাতে কাজ চালিয়ে যাচ্ছে।